

বাংলাদেশ হাই কমিশন, লন্ডন

প্রেস বিজ্ঞপ্তি

লন্ডন, সোমবার, ১০ মে ২০২১

পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার সাইদা মুনা তাসনিম নিম্নোক্ত শুভেচ্ছাবাণী প্রদান করেছেন।

ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে মান্যবর হাই কমিশনার সাইদা মুনা তাসনিমের শুভেচ্ছাবাণী

“আসসালামুআলাইকুম!

পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে যুক্তরাজ্য এবং আয়ারল্যান্ডের প্রবাসী বাংলাদেশি ভাই-বোনদের বাংলাদেশ হাই কমিশন, লন্ডনের পক্ষ থেকে জানাচ্ছি আন্তরিক শুভেচ্ছা এবং ঈদ মোবারক।

পবিত্র রমজান মাসের সিয়াম সাধনা শেষে মুসলিম বিশ্বের অন্যতম ধর্মীয় উৎসব পবিত্র ঈদ-উল-ফিতর আপনাদের সকলের জন্য বয়ে আনুক অনেক সুখ-সমৃদ্ধি এবং অনাবিল আনন্দ। করোনা মহামারীর এ ক্রান্তিলগ্নে আপনারা স্বাস্থ্যবিধি মেনে ও সামাজিক দূরত্ব বজায় রেখে ঈদের নামাজ আদায় করবেন এবং পরিবারের সকলকে নিয়ে ঈদ-আনন্দ উপভোগ করবেন- মহান আল্লাহ তা'লার কাছে এই শুভ কামনা করছি। এ পবিত্র দিনে আমি প্রার্থনা করছি মহান আল্লাহ তা'লা যেন খুব শীঘ্রই পৃথিবীকে করোনা মুক্ত করেন। এ জন্য আমাদের সবাইকে ভ্যাকসিন নিতে হবে। যারা এখনও ভ্যাকসিন নেন নি আমি তাঁদের ভ্যাকসিন নেয়ার আহ্বান জানাচ্ছি। ভ্যাকসিন নিয়ে নিজেকে এবং পরিবারকে সুরক্ষিত করুন।

পবিত্র ঈদ-উল-ফিতর-এর দিনে আমি করোনা যুদ্ধে বাংলাদেশ, যুক্তরাজ্য এবং আয়ারল্যান্ডসহ বিশ্বব্যাপী যারা শহীদ হয়েছেন তাঁদের আত্মার মাগফেরাত কামনা করছি এবং একেই সাথে করোনা যুদ্ধে প্রবাসী ভাই-বোনেরা যারা ফ্রন্ট লাইনে থেকে নিজের জীবনের ঝুঁকি নিয়ে অন্যের জীবন বাঁচাতে আত্মনিয়োগ করেছেন তাঁদের সকলের প্রতি বাংলাদেশ হাই কমিশন, লন্ডনের পক্ষ থেকে জানাচ্ছি আন্তরিক কৃতজ্ঞতা।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে বাংলাদেশ হাই কমিশন, লন্ডন প্রতিনিয়ত ২৪ ঘন্টা আপনাদের কনসুলার সেবায় নিয়োজিত রয়েছে। হাই কমিশন ২৪ ঘন্টা কনসুলার হেলফ লাইন এবং ইমেইলের মাধ্যমে আপনাদের কনসুলার সংক্রান্ত সকল প্রশ্নের উত্তর দিয়ে যাচ্ছে। গত ১৭ মার্চ ২০২১ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১তম জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে বাংলাদেশ হাই কমিশন, লন্ডন নতুন এমআরপি পাসপোর্ট ইস্যু করার কাজ শুরু করেছে। অন-লাইন অথবা ইমেইলের মাধ্যমে এ্যাপয়েন্টমেন্ট করে হাই কমিশনে এসে আপনার এমআরপি পাসপোর্টের জন্য আবেদন করতে পারেন। বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীর সকল অনুষ্ঠানে বাংলাদেশ হাই কমিশন আপনাদের সকলকে সাদরে আমন্ত্রণ জানাচ্ছে।

আবারও সকলকে জানাচ্ছি পবিত্র ঈদ-উল-ফিতরের আন্তরিক শুভেচ্ছা ও ঈদ মোবারক।”